
প্রথম আলো

তারিখ 12 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# ফল প্রকাশের আগের রাতে ঝরে গেল কিশোরের প্রাণ

মৌলভীবাজার প্রতিনিধি ●

**ক্ষিপ্ত চাচা ঘাতক!**



ফাইয়াজ আহমদ

রাত পোহালেই এসএসসি পরীক্ষার ফল প্রকাশের কথা। তার আগেই ঝরে গেল একটি কিশোর প্রাণ। নিজের চাচার ছুরিকাঘাতে প্রাণ হারানো এই কিশোরের নাম ফাইয়াজ আহমদ (১৬)।

মৌলভীবাজারের শ্রীমঙ্গলের সুরভীপাড়া আবাসিক এলাকায় গত মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। খুনের অভিযোগে চাচা জাকারিয়া আহমদকে (৩৬) গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল বুধবার ফাইয়াজ আহমদের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। সে শ্রীমঙ্গলের দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজ থেকে জিপিএ-৪ দশমিক ০২ পেয়ে কৃতকার্য হয়েছে বলে *প্রথম আলো*কে জানিয়েছেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ জাফর আহমেদ।

শামীম আহমদ (৪৫) ও রিনি বেগম (৩৬) দম্পতির দুই ছেলে ও এক মেয়ের মধ্যে সবার বড় ফাইয়াজ আহমদ। শামীম আহমেদের বাসায় থাকেন তাঁর ছোট ভাই জাকারিয়া আহমদ। পরিবারের বরাত দিয়ে স্থানীয় সূত্র ও শ্রীমঙ্গল থানা-পুলিশ জানিয়েছে, ঘটনার রাতে বাসি ভাত নিয়ে ভাবি রিনি বেগমের সঙ্গে জাকারিয়া আহমদের কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে সামনে পেয়ে ভাইপো ফাইয়াজকে এলোপাতাড়ি ছুরিকাঘাত করতে থাকেন জাকারিয়া। রিনি বেগম ছেলেকে বাঁচাতে এগিয়ে এলে তাঁকেও ছুরি মারেন জাকারিয়া। পরিবারের লোকজন গুরুতর আহত অবস্থায় ফাইয়াজকে শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মা রিনি বেগমও হাসপাতালে চিকিৎসা নেন।

পুলিশ রাতেই জাকারিয়া আহমদকে গ্রেপ্তার করেছে। গতকাল মৌলভীবাজার ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে লাশের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে।

অধ্যক্ষ জাফর আহমেদ বলেন, এই খুনের ঘটনায় শোক প্রকাশের ভাষা তাঁর নেই। ফাইয়াজের স্মরণে আজ বৃহস্পতিবার স্কুল প্রাঙ্গণে এক শোকসভার আয়োজন করা হয়েছে বলে তিনি জানান।

অনেক চেষ্টা করেও ফাইয়াজের বাবা-মা কিংবা পরিবারের কারও সঙ্গে যোগাযোগ করা যায়নি। গতকাল বাদ এশা জানাজা শেষে স্থানীয় কবরস্থানে লাশ দাফন করা হয়।

শ্রীমঙ্গল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহবুবুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে *প্রথম আলো*কে বলেন, 'রাতেই জাকারিয়াকে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনায় মামলা প্রক্রিয়াধীন।'